

তারিখ: ০৭.০৩.২০১৭

বার্তা সম্পাদক সমীপে

সংবাদপত্রে প্রকাশার্থে

দৈনিক/সাপ্তাহিক/পাক্ষিক/বিটিভি/চ্যানেল আই/বাসস/ইউএনবি/বিবিসি বাংলাদেশ/ভয়েস অব আমেরিকা/

তারা বাংলা/বাংলাদেশ বেতার/এনটিভি/এটিএন বাংলা।

বিষয়: রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কবি কাজী নজরুল ইসলাম হলের হল ক্যান্টিন পরিচালক কর্তৃক ক্যান্টিনে কর্মরত শিশুকর্মীকে ধর্ষণ এবং একাধিক শিশুকে যৌননির্যাতনের ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করে ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থাগ্রহণসহ নির্যাতনের শিকার শিশুদের নিরাপত্তা নিশ্চিতকরণের বিষয়ে বাংলাদেশ মহিলা পরিষদের বিবৃতি।

অদ্য ০৭.০৩.২০১৭ তারিখ দৈনিক যুগান্তর পত্রিকায় “শেকুবি হল ক্যান্টিনে শিশু কর্মী ধর্ষণের শিকার, পালিয়েছে পরিচালক” শিরোনামে প্রকাশিত সংবাদ মাধ্যমে জানতে পারি যে, রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কবি কাজী নজরুল ইসলাম হলের হল ক্যান্টিন পরিচালক কর্তৃক ক্যান্টিনে কর্মরত শিশুকর্মীকে ধর্ষণ এবং একাধিক শিশুকে যৌননির্যাতনের ঘটনা ঘটেছে। জানা যায়, উল্লিখিত হলের ক্যান্টিন পরিচালক হারুন মিয়া নির্যাতনের শিকার শিশুকে টাকার প্রলোভন দেখিয়ে একাধিকবার ধর্ষণ করে এবং বিষয়টি কাউকে না জানানোর জন্য হুমকি দেয়। উল্লেখ্য যে, নির্যাতনের শিকার শিশু ছাড়াও হলক্যান্টিনে কর্মরত একাধিক শিশুকর্মীকে যৌন নির্যাতন করেছে হারুন মিয়া।

বাংলাদেশ মহিলা পরিষদ শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কবি কাজী নজরুল ইসলাম হলের হল ক্যান্টিন পরিচালক কর্তৃক ক্যান্টিনে কর্মরত শিশুকর্মীকে ধর্ষণ এবং একাধিক শিশুকে যৌননির্যাতনের ঘটনায় গভীর উদ্বেগ ও ক্ষোভ প্রকাশ করছে। ঘটনার সুষ্ঠু ও নিরপেক্ষ তদন্ত সাপেক্ষে জড়িতের যথাযথ শাস্তির লক্ষ্যে ব্যবস্থা গ্রহণের আবেদন জানাচ্ছে। নির্যাতনের শিকার শিশুদের নিরাপত্তা নিশ্চিতকরণের অনুরোধ জানাচ্ছে। সেই সাথে এ ধরনের ঘটনার পুনরাবৃত্তিরোধে ব্যাপক জনসচেতনতা তৈরির জন্য গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয়সহ সংশ্লিষ্ট প্রশাসনের নিকট জোর দাবি জানাচ্ছে।

বিবৃতিতে স্বাক্ষর করেন-

আয়শা খানম

সভাপতি

বাংলাদেশ মহিলা পরিষদ

মালেকা বানু

সাধারণ সম্পাদক

বাংলাদেশ মহিলা পরিষদ